

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.৩৪৫.২৩.৬০৫

২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ


বিষয়: মেসার্স সিনডেলা ফ্যাশনস (বিডি) লিমিটেড নামক কারখানার অনুকূলে এড-হক শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশ প্রদান প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-১৪৮৯, তারিখঃ ০৫/১২/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মেসার্স সিনডেলা ফ্যাশনস (বিডি) লিমিটেড, অফিসঃ ফ্ল্যাট-১ ও ৩, বাড়ী নং-০১, সড়ক-০১, নিকুঞ্জ-০২, খিলক্ষেত, ঢাকা-১২১৯ ও কারখানাঃ ২৩/১, সীমা কমপ্লেক্স, সাতাইশ রোড, গাজীপুর টঞ্জী, গাজীপুর। যার নিবন্ধন সংখ্যা আরএমজি/ইজিপি/জেবি ০০০৬৬৪-১৯, তারিখঃ ২৮/০৮/২০১৯ খ্রিষ্টাব্দ এবং উপখাত: তৈরী পোশাক (নীট গার্মেন্টস)। কারখানা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য অত্র অধিদপ্তরে আবেদন জানালে অত্র অধিদপ্তরের একজন পরিদর্শক পরিদর্শন পূর্বক একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল করেন। কারখানা কর্তৃপক্ষের দাখিলকৃত কাগজপত্রাদি ও পরিদর্শন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে সকল ধরনের তৈরী পোশাক (নীট গার্মেন্টস) উপখাতে আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে মেসার্স সিনডেলা ফ্যাশনস (বিডি) লিমিটেড এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে সকল ধরনের তৈরী পোশাক (নীট গার্মেন্টস) উপখাতে আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের জন্য নির্দেশক্রমে সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়ার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



১৪-১২-২০২৩
রাজু আহমেদ
উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.৩৪৫.২৩.৬০৫/১ (৫)

২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৫ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স সিনডেলা ফ্যাশনস (বিডি) লিমিটেড, অফিসঃ ফ্ল্যাট-১ ও ৩, বাড়ী নং-০১, সড়ক-০১, নিকুঞ্জ-০২, খিলক্ষেত, ঢাকা-১২১৯ ও কারখানাঃ ২৩/১, সীমা কমপ্লেক্স, সাতাইশ রোড, গাজীপুর টঞ্জী, গাজীপুর;
- ৪। সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং

৫। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।



A handwritten signature in black ink, positioned above the name and title of the official.

১৪-১২-২০২৩

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক